# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

টেলিফোন ঃ ৯৫৭৫৬২২ (DGM)
ঃ ৯৫৭২২৫৫ (RTGS)
ই-মেইল ঃ rtgs@krishibank.org.bd
dgmtreasury@krishibank.org.bd


নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৮-১৯/ ২৮-৯ তারিখ: ০৪.১০.২০১৮

উপ-মহাব্যবস্থাপক,
সকল কর্পো: শাখা
এবং
সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক ,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আন্ত:ব্যাংক লেনদেনের ক্ষেত্রে RTGS(Real Time Gross Settlement) ব্যবস্থার মাধ্যমে লেনদেন বাড়ানোর ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রসঙ্গে।

মহোদয়,

বর্ণিত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপরিউক্ত বিষয়ে বিগত ১৭.০৯.২০১৮ তারিখে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট কর্তৃক আয়োজিত RTGS ম্যানেজারদের সাথে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

* শাখার ম্যানেজারসহ সকলের সম্যক ধারণা ও সচেতনতা বৃদ্ধি।
* নিয়মিত প্রশিক্ষণ ও বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে RTGS মডিউল অন্তর্ভুক্তকরণ।
* ব্যাংক কর্মকর্তাদের সেবার মনোভাব বৃদ্ধি।
* RTGS সেবা সম্পর্কে গ্রাহকদের অবগত ও সচেতন করা।
* প্রতিটি শাখায় RTGS সেবা সম্পর্কিত ব্যানার প্রদর্শন ও গ্রাহকদের নিকট লিফলেট বিতরণ।
* নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন এবং নানা রকম সভায় এ বিষয়ে আলোচনা।
* সকল আন্ত:ব্যাংক (ট্রেজারী লেনদেন) RTGS এর মাধ্যমে করা এবং আন্ত: গ্রাহক লেনদেন সংখ্যা বৃদ্ধি।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংকের ৩৫৬টি অনলাইন শাখাকে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন নিয়ে RTGS System এর আওতায় আনা হয়েছে। এ লক্ষ্যে সকল অনলাইন শাখার দুইজন কর্মকর্তাকে CBS এর সাথে RTGS প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু অনলাইন শাখা এখন পর্যন্ত RTGS লেনদেন করার কোন উদ্যোগ গ্রহণ করেনি এবং কিছু কিছু শাখা উপরিউক্ত নির্দেশনা সঠিকভাবে পরিপালন করছেন না। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসমূহ যাতে যথা সময়ে পরিপালন নিশ্চিত করা যায় সেই লক্ষ্যে সকল শাখা প্রধানের দৃষ্টি আকর্ষণ এবং বিভিন্ন অঞ্চলাধীন অন-লাইন শাখাসমূহ যাতে আন্ত:ব্যাংক লেনদেনে RTGS ব্যবস্থা গ্রহণে আগ্রহী হয় সে বিষয়ে অঞ্চল প্রধানদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো । এছাড়া মাঠ পর্যায়ে বর্ণিত বিষয়ের অগ্রগতি যাতে প্রধান কার্যালয় কর্তৃক তদারকী করা যায় সে লক্ষ্যে অর্থ বছরের প্রথম থেকে প্রতি তিন মাস অন্তর ত্রৈমাসিক তথ্য অন-লাইন শাখাসমূহ থেকে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংযুক্ত ছকে এক্সেল ফরমেটে ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকায় ই-মেইল (rtgs@krishibank.org.bd) এর মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। RTGS পদ্ধতি ব্যবহার করে শাখা পর্যায়ে আধুনিক ও উন্নততর গ্রাহক সেবা প্রদানের পাশাপাশি ব্যাংকের আয় বৃদ্ধি ও বিকেবির তারল্য সংকট মোকাবেলার যথেষ্ট সুযোগ রয়েছে। RTGS পদ্ধতি নিরাপদ, ঝুঁকিমুক্ত এবং স্বল্পতম সময়ে লেনদেন সংঘটিত হয় বিধায় এ পদ্ধতি সম্পর্কে গ্রাহকগণকে অবহিত ও সম্পৃক্ত করা এবং গ্রাহকগণ যাতে কোন ভাবে হয়রানির শিকার না হন এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সতর্ক হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো। এ ব্যাপারে কোন রকম অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্টদের জবাবদিহিতার আওতায় আনা হবে।

আপনার বিশ্বস্ত,

অনুমোদনক্রমে

০৪.১০.১৮

(গোলাম মো: আরিফ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

---

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৭-১৮/ তারিখ: ০৪.১০.২০১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর / অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
৫। সকল অনলাইন শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। নথি/মহানথি।

০৪/১০/১৮

(মোহাম্মদ আহাদ ভূঁইয়া)
মুখ্য কর্মকর্তা